গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
**Facebook page :** Feni Govt. College, Feni.

তারিখ : ১৩ মে, ২০২৪ খ্রি.

# ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষাথীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিষয়সমূহে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে :

| বিষয়ের নাম | বিষয় কোড | বিষয়ের নাম | বিষয় কোড |
|---|---|---|---|
| বাংলা | ১০০১ | রাষ্ট্রবিজ্ঞান | ১৯০১ |
| অর্থনীতি | ২২০১ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১৬০১ |
| সমাজকর্ম | ২১০১ | হিসাববিজ্ঞান | ২৫০১ |
| ব্যবস্থাপনা | ২৬০১ | প্রাণিবিজ্ঞান | ৩১০১ |
| উদ্ভিদবিজ্ঞান | ৩০০১ | গণিত | ৩৭০১ |

**১। সাধারণ নির্দেশনা**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ১৪ মে বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৭ মে ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ২৮ মে ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০১ জুলাই ২০২৪ তারিখ থেকে শুরু হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

খ) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ছ) এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গিকার নামার কপি সংরক্ষণ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd/admissions এ লগইন করে আগামী ১৪/০৫/২০২৪ খ্রি. থেকে ২৭/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফরম এর প্রিন্ট/ পিডিএফ কপি প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি: (বিকাশ/রকেট/নগদ/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার এর মাধ্যমে জমা দেওয়া যাবে।)

Sonali Bill Payment System ক্লিক করে অথবা
https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application
অপশান লগ ইন করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেকশন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ৩০০/- (তিনশত টাকা) জমা দিয়ে তার রশিদ সংরক্ষণ করতে হবে। (টাকা পেমেন্ট করার পর ফরম এর ভর্তি রোল এর সাথে টাকা পেমেন্টের ভর্তির রোল মিলিয়ে দেখতে হবে।) ভুলত্রুটি পরীলক্ষিত হলে (যোগাযোগ : ০১৬২১৬৩৫৪৭৫)

প্রিন্টকৃত আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার প্রয়োজন নেই।

(জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রিন্টকৃত ফরম ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমা দেওয়ার রশিদ কলেজে জমা দিতে নির্দেশনা দেওয়া হলে পরবর্তীতে তা বিজ্ঞপ্তির মাধ্যমে শিক্ষার্থীকে জানিয়ে দেওয়া হবে।)

*** প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর অবশ্যই মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ৩০০/- টাকা জমা দিতে হবে অন্যথায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

*** ২৭/০৫/২০২৪ খ্রি. তারিখ এর মধ্যে অনলাইনে টাকা পেমেন্ট করার পরও যদি কারো মোবাইল ফোনে এসএমএস না যায় তাহলে কলেজের প্রশাসনিক ভবন এর নিচ তলায় ১০০৬ নং কম্পিউটার কক্ষে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

**জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

১৩/০৫/২০২৪
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী
১৩/০৫/২৪